# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
জামালপুর পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, জামালপুর
ফোনঃ ০২৯৯৭৭-৭২৩৭৪
ই-মেইল: xen.jamalpur@gmail.com

**Office of the Executive Engineer**
Jamalpur W.D Division,
BWDB, Jamalpur
Phone: 029977-72374,
Email: xen.jamalpur@gmail.com

স্মারক নং- ৪২.০১.৩৯০০.৫৫৬.০৭.০০১.২৬-১১২০

তারিখ- ২৬/০৭/২০২৬ খ্রি:

**সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহকারী ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জামালপুর পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, জামালপুর এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন কার্য ক্রয় ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারীদের তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং- ৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন (ডকুমেন্ট) ফরম এর মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ- পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র , বাপাউবো, ময়মনসিংহ অনুকূলে পরিশোধ সাপেক্ষে অত্র দপ্তরের হিসাব শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনের তফসিলঃ

| ক্রঃনং | আবেদনের ধরন | আবেদনপত্র গ্রহন ও দাখিলের সময়সীমা |
|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য ক্রয়) (SAFE-B) | ২৬/০৭/২০২৬ খ্রিঃ হতে ২৫/০৮/২০২৬ খ্রি: (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত সাপ্তাহিক ও সরকারী ছুটি দিন ব্যতীত)। |
| ২। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (পন্য ক্রয়) (SAFE-A) | |

তালিকাভুক্তির (কার্য ক্রয় ও পন্য) প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

| | |
|---|---|
| আবেদনের প্রয়োজনীয় যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩) ২৫ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভিন্সী সনদ/বিবরণী, ৪)জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ৫)পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি ৬) ই-জিপিতে রেজিষ্টেশন থাকতে হবে। |
| আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র , বাপাউবো, ময়মনসিংহ এর অনুকূলে ইস্যুকৃত । |
| তালিকাভুক্তির নিবন্ধন ফি (প্রাথমিক মুল্যায়নের উত্তীর্ণের পরে) | তালিকাভুক্তি ফি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে তালিকাভুক্তি ফি ৩০০০/- (তিন হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর ৫০০০/- ক্ষেত্রে (VAT) বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা এবং ৩০০০/- ক্ষেত্রে (VAT) বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা অফেরৎযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ এর অনুকূলে ইস্যুকৃত। |

ঠিকাদার তালিকাভুক্তির (কার্য-ক্রয়) নবায়নের তফসিল(প্রযোজ্য ক্ষেত্রে):

| | |
|---|---|
| আবেদনের প্রয়োজনীয় যোগ্যতা | ১) নির্ধারিত আবেদন পত্র, ২) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ৩) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৪) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। |
| নবায়ন ফি | নবায়ন ফি ২০০০/-(দুই হাজার) টাকা তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে নবায়ন ফি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর ২০০০/- ক্ষেত্রে (VAT) বাবদ ৩০০/- (তিনশত) টাকা এবং ১৫০০/- ক্ষেত্রে (VAT) বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা অফেরৎযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ এর অনুকূলে ইস্যুকৃত ।। |
| আবেদনের সময়সীমা | ২৬/০৭/২০২৬ খ্রিঃ হতে ২৫/০৮/২০২৬ খ্রি: (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত সাপ্তাহিক ও সরকারী ছুটি দিন ব্যতীত)। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদন যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে আবেদন গ্রহন বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিতদরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডার অংশ গ্রহনের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

26/07/26

(মোঃ নকিবুজ্জামান খান)
নির্বাহী প্রকৌশলী (চ:দা:)
জামালপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, জামালপুর।

26/07/26

স্মারক নং- ৪২.০১.৩৯০০.৫৫৬.০৭.০০১.২৬-১১২০ তারিখ- ২৬/০৭/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, টাঙ্গাইল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, টাঙ্গাইল। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।

৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

৪) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।

৫) সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২ গ্রীণ রোড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।

৭) জেলা প্রশাসক, জামালপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।

৮) পুলিশ সুপার, জামালপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।

৯) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, জামালপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।

১০)নির্বাহী প্রকৌশলী, গনপূর্ত বিভাগ, জামালপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।

১১) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জামালপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।

১২) হিসাব রক্ষন কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ময়মনসিংহ।

১৩) উপ-বিভাগীয় প্রকৌশলী, জামালপুর পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, জামালপুর।

১৪) প্রাক্কলনিক, জামালপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জামালপুর।

১৫) হিসাব শাখা, জামালপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জামালপুর। তাহাকে ঠিকাদার তালিকাভুক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৬) দপ্তর কপি।

26/07/26

নির্বাহী প্রকৌশলী (চ:দা:)
জামালপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, জামালপুর।